

Date: 12.10.2026

Time: 1.30 PM

বিশেষ বিশেষ খবরঃ

১/ ভারতের প্রধান বিচারপতি সূর্যকান্ত বলেছেন, দেশে সাংবিধানিক অধিকার লঙ্ঘিত হলে আদালত হস্তক্ষেপ করবে।

২/ কোচিন শিপইয়ার্ড লিমিটেড-এ নির্মিত তৃতীয় ডুবোজাহাজ বিশ্ববংসী জলযান 'ম্যাঙ্গরোল'-কে ভারতীয় নৌবাহিনীতে আনুষ্ঠানিকভাবে সামিল করা হয়েছে।

৩/ সৌদি আরবের রিয়াধ বিমানবন্দরে হুথি বিদ্রোহীদের হামলায় এক ভারতীয়সহ ১৩ জনের মৃত্যু। আহত ৩০০-এর বেশি।

হামলার ঘটনার তীব্র নিন্দা বিশ্ব নেতৃত্বের।

৪/ দেশের তাপ বিদ্যুৎ কেন্দ্রগুলিতে পর্যাপ্ত পরিমাণ কয়লা মজুত রয়েছে বলে সরকার জানিয়েছে।

৫/ মোহনবাগান সুপার জায়ান্টস আজ ISL ফুটবলে নর্থ ইস্ট ইউনাইটেড এফসির মুখোমুখি হবে।

ভারতের প্রধান বিচারপতি সূর্যকান্ত বলেছেন, দেশে সাংবিধানিক অধিকার লঙ্ঘিত হলে আদালত নিশ্চিতভাবেই হস্তক্ষেপ করবে। আজ নতুন দিল্লীতে জাতীয় মানবাধিকার কমিশনের ৩৩ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান বিচারপতি বলেন, আমাদের সংবিধানে প্রত্যেক নাগরিকের জন্য আত্মমর্যাদা, সমতা, স্বাধীনতা এবং সুবিচারের ব্যাপক সংস্থান রয়েছে। তিনি বলেন, মানবাধিকার কমিশনগুলিকে যেকোনো ধরনের অভিযোগের তদন্ত, প্রাতিষ্ঠানিক ব্যর্থতা চিহ্নিত করা এবং মানুষের আশঙ্কা দূর করতে ব্যবস্থানিতে হবে।

বাইট

প্রধান বিচারপতি বলেন, মানবাধিকার, মানবিক মর্যাদার সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত। এর মধ্যে স্বাস্থ্য পরিষেবা, খাদ্য, আশ্রয়, জীবন-জীবিকা এবং পরিচ্ছন্ন ও পরিবেশ সুনিশ্চিত করার বিষয়গুলিও রয়েছে। তিনি আশা প্রকাশ করেন, মানবাধিকার কমিশন আমাদের দেশে মানবাধিকার সুরক্ষা এবং সুবিচারের ধারণাকে তুলে ধরবে। এছাড়া মানুষের আত্মমর্যাদা এবং দায়বদ্ধতার বিষয়গুলিকেও সুনিশ্চিত করা দরকার বলে তিনি অভিমত প্রকাশ করেন।

আজকের এই অনুষ্ঠানে ভারতের প্রধান বিচারপতি জাতীয় মানবাধিকার কমিশনের একটি মোবাইল অ্যাপেরও সূচনা করেন।

কোচিন শিপইয়ার্ড লিমিটেড (CSL)-এ নির্মিত তৃতীয় ডুবোজাহাজ বিধ্বংসী 'অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ার শ্যালো ওয়াটার ক্রাফট' 'ম্যাঙ্গরোল'-কে ভারতীয় নৌবাহিনীতে আনুষ্ঠানিকভাবে সামিল করা হয়েছে। আজ সকালে মুম্বইয়ের নাভাল ডকইয়ার্ডে এক অনুষ্ঠানে পশ্চিমাঞ্চলীয় নৌ কমান্ডের ফ্ল্যাগ অফিসার কমান্ডিং-ইন-চিফ ভাইস অ্যাডমিরাল সঞ্জয় বাত্‌সায়ন, ডুবোজাহাজ বিধ্বংসী এই যুদ্ধজাহাজটিকে নৌ-সেনার হাতে তুলে দেন। গুজরাটের জুনাগড় জেলার উপকূলীয় শহর ও গুরুত্বপূর্ণ মৎস্য বন্দর 'ম্যাঙ্গরোল'-এর নামানুসারে এই জাহাজটির নামকরণ করা হয়েছে।

৮০ শতাংশেরও বেশি দেশীয় প্রযুক্তি ব্যবহার করে নির্মিত এই যুদ্ধজাহাজটি সরকারের 'মেক ইন ইন্ডিয়া' এবং 'আত্মনির্ভর ভারত' উদ্যোগে তৈরি হয়েছে। আইএনএস 'ম্যাঙ্গরোল'-এ থাকছে অত্যাধুনিক অস্ত্র ও সেন্সর ব্যবস্থা।

'ম্যাঙ্গরোল' ভারতীয় নৌবাহিনীর ডুবোজাহাজ বিধ্বংসী যুদ্ধের ক্ষমতাকে আরও শক্তিশালী করবে। এটি সামুদ্রিক টহলদার বিমান, হেলিকপ্টার এবং অন্যান্য যুদ্ধজাহাজের সঙ্গে যৌথভাবে কাজ করতে পারবে।

সৌদি আরবের রাজধানী রিয়াদের আন্তর্জাতিক বিমানবন্দরে ইয়েমেনের হুথি বিদ্রোহীদের হামলায় এক ভারতীয়-সহ কমপক্ষে ১৩ জনের মৃত্যু হয়েছে। আহত ৩০০-র বেশি। শনিবারের পর গতকাল এই হামলা চালানো হয়। অন্যদিকে, সৌদি সামরিক বাহিনীর মুখপাত্র জানিয়েছেন, গতকাল কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে একটি ক্ষেপণাস্ত্র দিয়ে ফের আঘাত হানা হয়। এর ফলে যাত্রী টার্মিনালে আগুন ধরে যায়। নতুন এই হামলায় ১ জনের মৃত্যু হয়েছে ও ১১ জন আহত হয়েছেন।

ইয়েমেনের হুথি বিদ্রোহীরা এই হামলার দায় স্বীকার করেছে এবং সৌদি আরবের বিমানবন্দর ও আকাশসীমা ব্যবহার না করার জন্য বিমান সংস্থা ও যাত্রীদের সতর্ক করেছে। ব্যালিস্টিক ও ক্রুজ ক্ষেপণাস্ত্র এবং ড্রোন ব্যবহার করে বিমানবন্দরটিতে হামলা চালানো হয়েছে বলে হুথি বিদ্রোহীরা জানিয়েছে। তাদের দাবি, সৌদির সব বিমানবন্দরই তাদের সম্ভাব্য লক্ষ্যবস্তু। ইয়েমেনের গৃহযুদ্ধে সরকারি বাহিনীকে সহায়তা এবং সানার বিমানবন্দরে বিমান হামলার প্রতিবাদে এই হামলা চালানো হচ্ছে বলে বিদ্রোহীরা জানিয়েছে।

সৌদি আরবের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে হামলার ঘটনার তীব্র নিন্দা করেছেন বিশ্ব নেতারা। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, এই হামলার প্রেক্ষিতে হুথিদের বিরুদ্ধে কোনও হামলা চালানো হবে কিনা, সে বিষয়ে সিদ্ধান্ত নিয়ে দ্রুত পদক্ষেপ করা হবে।

রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস, ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডের লেইন, মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিও, ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি, ইজরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি এই হামলার নিন্দা করেছেন। পাকিস্তান, কাতার, জর্ডান ও মালয়েশিয়া সৌদি আরবের পাশে থাকার বার্তা দিয়েছে।

এক বার্তায় রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস বলেছেন, এই ঘটনায় তিনি মর্মান্বিত এবং এর তীব্র নিন্দা জানাচ্ছেন। তিনি আরও বলেন, সাধারণ নাগরিক ও অসামরিক পরিকাঠামোর ওপর হামলা আন্তর্জাতিক আইনের লঙ্ঘন এবং এই ধরনের হামলা অবিলম্বে বন্ধ হওয়া উচিত।

রিয়াদের ভারতীয় দূতাবাস সূত্রে জানানো হয়েছে, এই হামলার ঘটনায় নিহতদের মধ্যে একজন ভারতীয় রয়েছে। নিহত ঐ ভারতীয়ের পরিবারের প্রতি দূতাবাসের পক্ষ থেকে শোক ব্যক্ত করা হয়েছে। এই ঘটনায় আহত ভারতীয়দের বিষয়ে খোঁজ খবর রাখা হচ্ছে।

এদিকে, ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর ভারতীয়ের মৃত্যুর ঘটনায় শোক প্রকাশ করেছেন। তিনি বলেছেন, এই ঘটনায় আহত ও নিহতদের পরিবারের সঙ্গে দূতাবাসের পক্ষ থেকে প্রতিনিয়ত যোগাযোগ রক্ষা করে চলা হচ্ছে।

কংগ্রেস নেতা তথা লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী বলেছেন, ইন্ডিয়া ব্লকের পক্ষ থেকে আজ সুপ্রিম কোর্টে মুখ্য বিচারক কমিশনার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে একটি পিটিশন দায়ের করা হবে। আজ নতুন দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে, শ্রী গান্ধী বলেন, তিনি এবং কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খারগে নির্বাচন আয়োজনে ত্রুটি-বিচ্যুতি নিয়ে ভারতের প্রধান বিচারপতিকে একটি চিঠি লিখেছেন। শ্রী গান্ধী জানান, বিগত কয়েকদিন ধরেই তথাকথিত ভোটচুরির বিরুদ্ধে প্রতিবাদ আন্দোলন চলছে। তাঁর অভিযোগ, বিক্ষোভকারীদের দিল্লিতে পৌঁছাতে বাধা দেওয়া হচ্ছে।

দিল্লি মেট্রো রেল কর্পোরেশন (DMRC) জানিয়েছে, নিরাপত্তার কারণে আজ বিকেল ৪টা পর্যন্ত নতুন দিল্লির ছ'টি মেট্রো স্টেশনে ঢোকা ও বেরনো বন্ধ থাকবে। স্টেশনগুলি হল—প্যাটেল চক, জনপথ, রাজীব চক, মান্ডি হাউস,

সেন্ট্রাল সেক্রেটারিয়েট এবং বারাখাম্বা রোড। তবে, সংশ্লিষ্ট সব মেট্রো স্টেশনে ইন্টারচেঞ্জ বা এক লাইন থেকে অন্য লাইনে যাওয়ার সুবিধা চালু থাকবে।

উপরাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন বলেছেন, বর্তমান বিশ্বে যখন প্রত্যেকটি দেশ, একে অপরের সঙ্গে একসূত্রে বাঁধা, তখন পারস্পরিক সহযোগিতা শুধু একটি কূটনৈতিক বিষয় নয়, বরং বিশ্বজুড়ে শান্তি, নিরাপত্তা ও উন্নতির জন্য এটি অত্যন্ত প্রয়োজনীয়। নতুন দিল্লিতে ৬৬তম 'ন্যাশনাল ডিফেন্স কলেজ' কোর্সের অনুষ্ঠানে শ্রী রাধাকৃষ্ণন বলেন, আন্তর্জাতিক সহযোগিতার আসল উদ্দেশ্য হলো একে অপরের প্রয়োজন ও স্বার্থকে সম্মান জানানো এবং সবাই মিলে এক সঙ্গে কাজ করা। জলবায়ু পরিবর্তন ও সন্ত্রাসবাদের মতো ব্যাপক সমস্যাগুলি একা সমাধান করা সম্ভব নয়, তাই সবার একসঙ্গে এগিয়ে আসা দরকার বলে মন্তব্য করেন তিনি।

বাইট - উপরাষ্ট্রপতি

উপরাষ্ট্রপতি বলেন, 'বসুধৈব কুটুম্বকম' ভারতের কাছে কেবল মুখের কথা বা স্লোগান নয়। বিশ্বের যেকোনো দেশে দুর্যোগ বিপর্যয় হলে, ভারত সবসময়ই সবার আগে সাহায্যের হাত বাড়িয়ে দেয়।

দেশের তাপ বিদ্যুৎ কেন্দ্রগুলিতে পর্যাপ্ত পরিমাণ কয়লা মজুত রয়েছে বলে সরকার জানিয়েছে। নতুন দিল্লিতে কয়লা মন্ত্রক সূত্রে জানানো হয়েছে, ২৯সে সেপ্টেম্বর পর্যন্ত তাপ বিদ্যুৎ কেন্দ্রগুলিতে ব্যবহারের জন্য ১কোটি ৮০লক্ষ মেট্রিক টন কয়লা মজুত ছিল। এমাসের দশ তারিখে, এই পরিমাণ বেড়ে ১কোটি ৮০লক্ষ ২০৫ টন হয়েছে। মন্ত্রক জানিয়েছে, কয়লার মজুত ভাণ্ডারের ওপর নজর রাখা হচ্ছে। প্রতিদিন, তাপ বিদ্যুৎ কেন্দ্রগুলিতে ৪৬৯টি কয়লা বোঝাই রেক পাঠানো হচ্ছে। গত মাসের তুলনায় এই সংখ্যা বাড়ানো হয়েছে বলে, মন্ত্রক জানিয়েছে।

কেন্দ্রীয় বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন দপ্তরের মন্ত্রী ভূপেন্দ্র যাদব, বিকশিত ভারত ২০৪৭-এর লক্ষ্যপূরণে অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি বাস্তুতন্ত্রের সুরক্ষার ওপর জোর দিয়েছেন।

আজ নতুন দিল্লিতে 'ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসেস'র আধিকারিকদের এক প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নিয়ে তিনি এ কথা বলেন। ভারতের বনাধিকারিকরা যেভাবে অরণ্য, বন্যপ্রাণ এবং বাস্তুতন্ত্রের ঐতিহ্যের সুরক্ষায় কাজ করছেন, তিনি তার প্রশংসা করেন। বন্যপ্রাণ সুরক্ষা, অরণ্যের আয়তন বৃদ্ধি, জলাভূমি সংরক্ষণসহ বিভিন্ন কাজে তিনি নাগরিকদের সঙ্গে নিয়ে কাজ করার আহ্বান জানান।

পাকিস্তানের খাইবার পাখতুনখোয়া প্রদেশে জরুরি অবস্থা জারি এবং সেদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের PTI দলের সরকার ভেঙে দেওয়ার ঘটনার পর হিংসাত্মক ঘটনা বৃদ্ধি পেয়েছে। বিভিন্ন জায়গায় বিক্ষোভ থামাতে পুলিশ গুলিবর্ষণ করেছে বলে খবর পাওয়া গেছে। গতকাল 'পাকিস্তান তেহরিকইনসাফ-ই-' দলের পক্ষ থেকে ইসলামাবাদ অভিযানের সময় পুলিশের বাধাদানের ফলে গন্ডগোল শুরু হয়। পুলিশ ৫৯ জন কে গ্রেপ্তার করেছে।

রাশিয়া থেকে ডিজেল কেনার বিষয়ে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের সিদ্ধান্তের কড়া বিরোধিতা করছেন আমেরিকারই বেশ কয়েকজন সেনেটর। ট্রাম্পের এই সিদ্ধান্ত বেআইনি বলে তারা অভিযোগ করেছেন। সেনেটররা বলেছেন, ২০২২ সালের একটি আইন অনুযায়ী ইউক্রেন যুদ্ধ না থামানো পর্যন্ত রাশিয়ার সঙ্গে এরকম ব্যবসা করা সম্পূর্ণ নিষিদ্ধ। ট্রাম্প এই নিয়ে মার্কিন কংগ্রেসের সঙ্গে কোনো আলোচনাও করেননি বলেও জানিয়েছেন তারা। সম্প্রতি রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠকের পর ট্রাম্প, ডিজেলের ঘাটতি মেটাতে রাশিয়া থেকে ৩ লক্ষ টন ডিজেল কেনার কথা ঘোষণা করেন। তবে সেনেটরদের বিরোধিতার পর ট্রাম্পের এই পদক্ষেপ নিয়ে নতুন বিতর্ক তৈরি হয়েছে।

উত্তর কোরিয়া আজ আবারও ক্ষেপণাস্ত্র পরীক্ষা চালিয়েছে। দক্ষিণ কোরিয়ার সেনাবাহিনী জানিয়েছে, দেশটি তাদের পূর্ব উপকূলের দিকে বেশ কয়েকটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছুড়েছে। রাজধানী পিয়ংইয়ংয়ের আশেপাশের এলাকা থেকে এই ক্ষেপণাস্ত্রগুলো পরীক্ষা করা হয়। অন্যদিকে জাপানের প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, তারা অন্তত দুটি ক্ষেপণাস্ত্র চিহ্নিত করেছে, যা জাপানের অর্থনৈতিক অঞ্চলের বাইরে সাগরে গিয়ে পড়েছে। উত্তর কোরিয়ার একের পর এক অস্ত্র পরীক্ষা নতুন করে এই অঞ্চলে উত্তেজনা বাড়িয়ে তুলেছে বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

তাদের মতে দক্ষিণ কোরিয়া ও জাপানের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা এড়িয়ে আঘাত হানতে সক্ষম, এমন পারমাণবিক অস্ত্র ভাঙার গড়ে তোলাই উত্তর কোরিয়ার উদ্দেশ্য।

শারদীয় নবরাত্রির প্রথম দিনেই মোট ৪৭ হাজার ৩৪৮ জন তীর্থযাত্রী জম্মু ও কাশ্মীরের পবিত্র বৈষ্ণো দেবী মন্দিরে পূজো দিয়েছেন। মাতার আশীর্বাদ পেতে দেশের বিভিন্ন প্রান্ত থেকে প্রচুর মানুষ এখন জম্মুর কাটরায় বেস ক্যাম্পে পৌঁছাচ্ছেন। ৯ দিন ধরে চলা এই উৎসবে আগামী দিনগুলোতেও ভক্তদের এই ভিড় বজায় থাকবে বলে মনে করছে প্রশাসন।

শারদীয় নবরাত্রির দ্বিতীয় দিনে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, নবরাত্রির এই দ্বিতীয় দিনটি দেবী ব্রহ্মচারিণীর পূজার উদ্দেশ্যে উৎসর্গ করা হয়। দেবী ব্রহ্মচারিণী তপস্যা, ত্যাগ এবং দৃঢ় সংকল্পের প্রতীক। দেবী ব্রহ্মচারিণী যাতে সবাইকে অসীম সাহস ও আত্মসংযমের শক্তিতে আশীর্বাদ করেন এই প্রার্থনাই জানান তিনি।

সমাজবাদী চিন্তাবিদ তথা প্রখ্যাত স্বাধীনতা সংগ্রামী ডক্টর রামমনোহর লোহিয়ার প্রয়াণ দিবসে তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী সিং বলেন, ডক্টর রামমনোহর লোহিয়ার জীবন রাজনীতিতে সততা, সামাজিক ন্যায়বিচার এবং পিছিয়ে পড়া মানুষের অধিকার আদায়ের লড়াইয়ে চিরকাল অনুপ্রেরণা জোগাবে। সমাজে ছড়িয়ে থাকা বৈষম্য দূর করে দেশের ঐক্যকে আরও মজবুত করতে তিনি সারাজীবন কাজ করে গেছেন।

কেন্দ্রীয় পর্যটন ও সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত, আজ নতুন দিল্লির ন্যাশনাল স্কুল অফ ড্রামায় ব্রিকস দেশগুলির থিয়েটার উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন। কেন্দ্রীয় সরকারের সংস্কৃতি মন্ত্রক এই উৎসবের আয়োজন করেছে। আগামী ১৪ই অক্টোবর পর্যন্ত এই উৎসব চলবে। ব্রিকস দেশগুলির বিভিন্ন গোষ্ঠী এই উৎসবে যোগ দিয়েছে।

দিল্লি সরকার মহিলা ও রূপান্তরকামী মানুষদের জন্য জীবিকার সুযোগ তৈরি করতে 'দুর্গা' নামের একটি নতুন ই-অটো প্রকল্প চালু করেছে। এইপ্রকল্পের মূল লক্ষ্য হলো তাঁদের স্বাবলম্বী করা এবং পরিবেশবান্ধব যাতায়াত ব্যবস্থাকে উৎসাহিত করা। সরকারের তরফে জানানো হয়েছে, প্রথম ধাপে মোট ১,৩০০টি পিঙ্ক বা গোলাপি রঙের ইলেকট্রিক অটো দেওয়া হবে। এর মধ্যে ১,১৭০টি ইঅটো- মহিলা উপভোক্তাদের জন্য এবং ১৩০টি রূপান্তরকামী উপভোক্তাদের জন্য সংরক্ষিত রাখা হয়েছে।

মোহনবাগান সুপার জায়ান্ট আজ তাদের আইএসএল অভিযান শুরু করেছে। গুয়াহাটির ইন্দিরা গান্ধী আথলেটিক্স স্টেডিয়ামে নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি-র মুখোমুখি হবে তারা। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।
